গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (ইপিআরসি)

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ – ৩০ জুন, ২০১৯

সূচিপত্র

উপক্রমণিকা

ইপিআরসি'র কর্মসম্পাদনের সার্বিকচিত্র

সেকশন ১ : ইপিআরসি’র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২ : ইপিআরসি’র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ : বার্ষিক কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms)

উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (ইপিআরসি)

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the EPRC)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

- ✓ কাউন্সিলের নিজস্ব Official Web Site প্রস্তুত করা হয়েছে। www.eprc.gov.bd
- ✓ বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক গবেষণা মঞ্জুরী প্রদানের লক্ষ্যে যাচিত প্রায়োগিক গবেষণা প্রস্তাব দাখিল ও মূল্যায়ন সংক্রান্ত" EPRC Grants Proposal Submission Guideline" (Version-1) এবং" EPRC Grants Proposal Evaluation Guideline" (Version-1) প্রণয়ন করা হয়েছে।
- ✓ গবেষণা প্রস্তাবসমূহ দাখিল ও মূল্যায়ন অনলাইনের মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে Version 1.0 of digital research management portal তৈরি করা হয়েছে। http://researchgrant.eprc.gov.bd/
- ✓ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং ইপিআরসি এর যৌথ উদ্যোগে Opinion Survey on Power Supply to households-2016 এর জরিপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
- ✓ EEE বিভাগ, বুয়েট-এ Building Energy Management System (BEMS) ল্যাব প্রতিষ্ঠার জন্য EEE বিভাগ, বুয়েট এবং ইপিআরসি উভয়ের মধ্যে গত ৩০/০১/২০১৮ খ্রিঃ তারিখে একটি আর্থিক চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে।
- ✓ কাউন্সিলের পারস্পরিক সহযোগিতার লক্ষ্যে BUET এর EEE বিভাগ, Engineering Students Association of Bangladesh (ESAB) এবং CUET এর IET বিভাগের সাথে অত্র কাউন্সিলের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।
- ✓ কাউন্সিল-এর নিজস্ব ব্যবস্থাপনায় এবং কাউন্সিলের অর্থায়নে BUET, CUET, RUET, KUET, DU-এ বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক প্রায়োগিক গবেষণা সংক্রান্ত বিষয়ে মোট ১০ টি সেমিনার ও কর্মশালা করা হয়েছে।
- ✓ Workplace Innovationসংক্রান্ত ০২ টি উদ্ভাবনী ধারণা প্রস্তাব চূড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে।
- ✓ কাউন্সিলের বিভিন্ন কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে জ্বালানি ও বিদ্যুৎ বিষয়ে অভিজ্ঞ ও খ্যাতিমান গবেষক ও বিজ্ঞানীদের সমন্বয়ে একটি Panel of Experts প্রণয়ন করা হয়েছে।

চ্যালেঞ্জসমূহঃ

ক) কাউন্সিলের কার্যক্রম, লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক গবেষক ও জনগণকে ব্যাপকভাবে অবহিতকরণ।

খ) বর্তমানে বাংলাদেশে বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক গবেষণা কার্যক্রমের পরিধি সীমিত। এ পর্যায়ে মানসম্মত প্রায়োগিক গবেষণা কার্যক্রমের একটি ব্যাপকভিত্তিক প্ল্যাটফর্ম তৈরি।

গ) কাউন্সিলের Motto : I^2E (ইনোভেশন, ইনকিউবেশন, অনট্রাপ্রণারশীপ) সমন্বিতভাবে এগিয়ে নিয়ে যাওয়া।

সমস্যাসমূহঃ

ক) কাউন্সিলের নিজস্ব কোন ভবন নাই।

খ) কাউন্সিলের সাংগঠনিক কাঠামো, কর্মপরিধি এবং টিএন্ডওই অনুমোদনের কার্যক্রম প্রক্রিয়াধীন থাকায় কাউন্সিলের পর্যাপ্ত লোকবল নিয়োগ দেয়া যাচ্ছে না।

জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কার্যক্রম/প্রকল্পে মঞ্জুরী প্রদানঃ

❖ Digital Research Management Portal-এর মাধ্যমে গত ০৩.০১.২০১৮ খ্রি. তারিখে নির্ধারিত ০৬ টি গবেষণাক্ষেত্র হতে Renewable Energy ও Energy Efficiency and Demand Management বিষয়ক ০২ টি ক্ষেত্রে প্রায়োগিক গবেষণা প্রস্তাব আহবান করা হয়েছে। প্রস্তাব দাখিলের সময়সীমা ০৫.০৩.২০১৮ খ্রি. তারিখে শেষ হয়েছে। উক্ত সময়ের মধ্যে ৫২ টি প্রায়োগিক গবেষণা প্রস্তাব দাখিল হয়েছে- যা গাইডলাইন অনুযায়ী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে।

❖ কাউন্সিল এবং IDCOL এর যৌথ অর্থায়নে রহিমআফরোজ এর কর্মকর্তা জনাব সৈয়দ ইশতিয়াক আহমেদ এর সাথে গত ১৪/০২/২০১৭ খ্রিঃ তারিখে "Maximum Energy Utilization of Solar Irrigation and Develop Sustainable Business Model with Remote Monitoring and Payment Gateway for the Off-Grid Areas of Bangladesh" শীর্ষক প্রকল্প বাস্তাবায়নের লক্ষ্যে ৫৬,০০,০০০/- টাকার Financing Agreement স্বাক্ষরিত হয়েছে। ইতোমধ্যে কাউন্সিলের অংশের ২৮.০০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

❖ বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (ইপিআরসি) এর অর্থায়নে BCSIR কর্তৃক গৃহীত "Design and Optimization of Parabolic Reflector type Solar Cooker for Indoor Application" শীর্ষক প্রকল্পের বাস্তবায়নের জন্য গত ১১/০৪/২০১৬ খ্রিঃ তারিখে ২৪,৯৫,০০০/- (চব্বিশলক্ষ পঁচানব্বই হাজার) টাকা মাত্র প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্প বাস্তাবায়নের কার্যক্রম চলমান।

❖ কাউন্সিল-এর অর্থায়নে EEE বিভাগ, বুয়েট-এ BEMS ল্যাব প্রতিষ্ঠার জন্য অনুদানের ৫০ লক্ষ টাকার ১ম কিস্তি হিসেবে ২১,০০,০০০/- (একুশ লক্ষ) টাকা প্রদান করা হয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- কাউন্সিলের চাকুরী প্রবিধিমালা প্রণয়ন এবং কর্তৃপক্ষের নিকট দাখিল;
- কাউন্সিলের কর্মচারী পদোন্নতি নীতিমালা প্রণয়ন এবং কর্তৃপক্ষের নিকট দাখিল;
- বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক প্রায়োগিক গবেষণা কার্যক্রমে গবেষণা মঞ্জুরী প্রদান ও সমন্বয়;
- বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানে আন্তর্জাতিক মানের পরীক্ষাগার ও গবেষণাগার স্থাপন এবং বিদ্যমান গবেষণাগারসমূহের আধুনিকায়নের নিমিত্তে গবেষণা মঞ্জুরী প্রদান।
- বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক কর্মশালা, সেমিনার এবং সিম্পোজিয়াম আয়োজন;
- উদ্ভাবনী গবেষণা প্রকল্প দর্শন/পরিদর্শন;
- স্বল্পমেয়াদী গবেষণার কর্মপরিকল্পনা প্রণয়ন;
- মধ্যমেয়াদী গবেষণার কর্মপরিকল্পনা প্রণয়ন;
- কর্মচারীদের কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ গ্রহণ;

২০১৮-২০১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

০১। বিভিন্ন সংস্থায় বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক প্রায়োগিক গবেষণা কার্যক্রমে অর্থায়ন ও সমন্বয়।

০২। বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক ০৬ টি গবেষণায় মঞ্জুরী প্রদান।

০৩। বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক ০৮ টি কর্মশালা, সেমিনার এবং সিম্পোজিয়াম আয়োজন ।

০৪। কর্মচারীদের কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬০ জনঘন্টা প্রশিক্ষণ গ্রহণ।

০৫। ০৮ টি উদ্ভাবনী গবেষণা প্রকল্প পরিদর্শণ এবং পর্যবেক্ষণ ।

০৬। গবেষণা প্রস্তাবসমূহ দাখিল ও মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে বিদ্যমান ওয়েবপোর্টাল আপগ্রেডেশন।

০৭। স্বল্পমেয়াদী ও মধ্যমেয়াদী গবেষণা পরিকল্পনা প্রণয়ন।